

মাঠ পর্যায়ে ই-মনিটরিং কার্যক্রমের প্রতিবেদন

- ১। ই-মনিটরিং এর তারিখ : ১২/০৩/২০২৪খ্রি।
- ২। ই-মনিটরিং এর কর্মকর্তার নাম : মোহাম্মদ ফারুক আহমদ, উপপরিচালক(প্রশাসন ও অর্থ),  
জাতীয় মহিলা সংস্থা।
- ৩। ই-মনিটরিং এর স্থান : **সাভার উপজেলা কার্যালয়**, ঢাকা, জাতীয় মহিলা সংস্থা।
- ৪। ই-মনিটরিং এর পর্যবেক্ষণকৃত কার্যক্রম : **সেলাই ও এমব্রয়ডারী** প্রশিক্ষণ কার্যক্রম।

অদ্য ১২/০৩/২০২৪খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় জাতীয় মহিলা সংস্থার সাভার উপজেলা কার্যালয়, ঢাকা অনলাইনে (WhatsApp) ই-মনিটরিং এর মাধ্যমে পর্যবেক্ষণ করি। পরিদর্শনকালে উক্ত উপজেলায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মাঠ সমন্বয়কারী হালিমা খাতুন, মাঠ সমন্বয়কারী নার্গিস আফরোজ, ট্রেড প্রশিক্ষক সোহানা আক্তার এবং অফিস সহায়ক মোঃ জসিম মোল্লা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষক সোহানা আক্তার জানান যে, সকালে শিফটে মোট ১৫ জনের মধ্যে ১৫ জন প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন। বিকালে শিফটে ১৫ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ নিতে আসবে। দুই শিফটে অর্থাৎ সকাল শিফটে ১৫ জন এবং বিকাল শিফটে ১৫ জন মোট ৩০ জন প্রশিক্ষণার্থী নিয়ে ৩৫তম ব্যাচের (মার্চ/২০২৪ থেকে জুন ২০২৪) পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

**সুপারিশ/মন্তব্য**

১।	সেলাই প্রশিক্ষককে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করতে হবে। দুই শিফটে অর্থাৎ সকাল ব্যাচে ১৫ জন এবং বিকাল ব্যাচে ১৫ জন মোট ৩০ জন প্রশিক্ষণার্থীকে দুই ব্যাচে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। তাতে প্রশিক্ষণার্থীগণ সঠিকভাবে কাজ শিখতে পারবে।
২।	প্রশিক্ষণার্থী পর পর ৩ (তিন) দিন প্রশিক্ষণ ক্লাসে অনুপস্থিত থাকলে অপেক্ষামান তালিকা হতে প্রশিক্ষণার্থী নিতে হবে।
৩।	প্রশিক্ষণার্থী বাছাই কমিটির বাছাইকৃত প্রশিক্ষণার্থীদের নামের তালিকাসহ সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী লিপিবদ্ধ করতে হবে এবং ১(এক) কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।
৪।	প্রশিক্ষণার্থী ভর্তির জন্য বিজ্ঞপ্তি, লিফ্লেট এবং হ্যান্ড বিলের মাধ্যমে ব্যাপক প্রচারকার্য পরিচালনা করতে হবে।
৫।	মেরামতযোগ্য সেলাই মেশিনসমূহ দ্রুত মেরামত করে প্রশিক্ষণ উপযোগী করার সুপারিশ করা হলো।



মোহাম্মদ ফারুক আহমদ  
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)  
জাতীয় মহিলা সংস্থা।